দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 12 AUG 1994

পৃষ্ঠা ১ কলাম ৪ ...

17

# খাদ্যের বিনিময়ে শিক্ষা স্কুল থেকে ঝরে পড়া কমিয়েছে ॥ রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি আব্দুর রহমান বিশ্বাস বলেছেন, খাদ্যের বিনিময়ে শিক্ষা কর্মসূচী ছেলে মেয়েদের স্কুল থেকে ঝরে পড়া কমাতে সাহায্য করেছে। খবর ইউএনবি'র।

(শেষ পৃষ্ঠা ২ কঃ দেখুন)

## খাদ্যের বিনিময়ে

(প্রথম পাতার পর)

বগুড়া জেলা উন্নয়ন কাউন্সিলের একটি প্রতিনিধি দল বৃহস্পতিবার বঙ্গভবনে তার সঙ্গে দেখা করতে গেলে রাষ্ট্রপতি বিশ্বাস তাদের উদ্দেশে এ কথা বলেন। রাষ্ট্রপতি ছেলে মেয়েদের স্কুলে পাঠাবার ব্যাপারে জনগণের ওপর প্রভাব খাটানোর জন্য প্রতিনিধি দলের সদস্যদের পরামর্শ দেন। যাতে ভবিষ্যত প্রজন্মের সকলেই শিক্ষার সুফল পায়। এর আগে প্রতিনিধি দল বিভিন্ন দাবি সংবলিত একটি স্মারকলিপি রাষ্ট্রপতির কাছে পেশ করে।